

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, রাঙ্গামাটি।



স্মারক নং : সি.জে.এম (প্রশা)/২০২১-১৯৬

তারিখ : ২৯/০৮/২০২১ খ্রিঃ।

“নিয়োগ বিজ্ঞপ্তি”

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রাঙ্গামাটি এর নিম্ন বর্ণিত শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে পদের বিপরীতে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	সংখ্যা	বেতন স্কেল (২০১৫)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	নৈশ গ্রহরী (নিরাপত্তা গ্রহরী)	০২টি	৮,২৫০-২০,০১০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
২।	ফরাস (পরিচ্ছন্নতা কর্মী)	০১টি	৮,২৫০-২০,০১০/-	-এ-
৩।	মালী	০১টি	৮,২৫০-২০,০১০/-	অষ্টম শ্রেণী পাস

শর্তাবলী

(১) প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রকাশিত নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে তথ্যাদি পূরণপূর্বক তারিখ ও প্রার্থীর স্বাক্ষরসহ “চেয়ারম্যান, বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি” বরাবর দরখাস্ত করতে হবে। (২) আগামী ২৩/০৯/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে দরখাস্ত ডাকযোগে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। (৩) ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। (৪) চাকুরিরত প্রার্থীকে বয়স থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। (৫) দরখাস্তের সাথে নিম্ন বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে : (ক) সদ্য তোলা ৫×৫ সে.মি. সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি। (খ) প্রার্থীর বর্তমান ঠিকানা সংবলিত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাক টিকিটযুক্ত ০১ টি ফেরত খাম (৯×৪ ইঞ্চি)। (গ) পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ট্রেজারী চালানের মাধ্যমে ১-২১৪১-০০০০-২০৩১ খাতে জমা প্রদানপূর্বক উহার মূল কপি সংযুক্ত করতে হবে। (৬) খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। (৭) পরীক্ষার জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না। (৮) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

চেয়ারম্যান, বাছাই কমিটি ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি।

ডিজি-১৬৯৯/২১ (৩.৫'x৩)